# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

joypurhatpourashavabd.com

সভা নং- "৫০"

## জানুয়ারী/২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ জয়পুরহাট পৌরসভার সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ২৯ জানুয়ারী'২০২৫খ্রিঃ
রোজ ঃ বুধবার।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানান।

| ক্রং নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ। | সভায় গত ডিসেম্বর'২০২৪ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, এতে কারো কোন প্রকার সংশোধনী আছে কিনা সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | সভায় গত ডিসেম্বর'২০২৪ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | মাসিক আয় ব্যয় পর্যালোচনা ও অনুমোদন। | সভায় গত ডিসেম্বর'২০২৪ এবং জানুয়ারী'২০২৫ মাসের ১লা জানুয়ারী হতে ২৮ তারিখ পর্যন্ত আয় ও ব্যয় বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা পাঠ করে শুনান, এতে কোন প্রকার সংশোধনী আছে কিনা সে বিষয়ে সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। সদস্যগণ কোন সংশোধনী নাই মর্মে একমত পোষন করেন। | সভায় গত ডিসেম্বর'২০২৪ এবং জানুয়ারী'২০২৫ মাসের ১লা জানুয়ারী হতে ২৮ তারিখ পর্যন্ত আয় ও ব্যয় বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিলসমূহ ও আয়ের খাত সঠিক থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও হিসাব রক্ষণ কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার মার্কেট সমূহের ভাড়া পুনঃনির্ধারনের প্রতিবেদন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভাধীণ মার্কেট সমূহের দোকান ভাড়া পুনঃনির্ধারণ সাব-কমিটি'র প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উল্লেখ্য যে, দোকানঘর বরাদ্দ নীতিমালা ২০০৩ এর ১৬নং শর্ত মোতাবেক প্রতি ০৩ (তিন) বৎসর পর পর দোকান ঘরের মাসিক ভাড়া পুনঃনির্ধারণ করার বিধান রয়েছে। গত ২০১৬ সালে শেষ বারের মতো দোকান ঘরের ভাড়া পুনঃনির্ধারণ করা হয়। ইউজিআইআইপি প্রকল্পের প্রকল্প পরিচালক মাছুয়া বাজার, পৌর বিপনী মার্কেট ও পূর্ব বাজার মার্কেট ০৩ টি ভেঙ্গে বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মানের আশ্বাস দেওয়ায় দীর্ঘ ০৮ বৎসর যাবৎ দোকান ঘরের মাসিক ভাড়া পুনঃনির্ধারণ না করায় পৌর রাজস্ব আয়ের ব্যাপক ক্ষতিসাধিত হয়। এমতাবস্থায় পৌর রাজস্ব আয় বৃদ্ধি ও জনস্বার্থে পৌর মার্কেট সমূহের দোকান ঘরের ভাড়া পুনঃনির্ধারণ করা প্রয়োজন মর্মে ভাড়া পুনঃনির্ধারণ সাব-কমিটি'র প্রতিবেদন সভায় ব্যাপকভাবে আলোচনা করা হয়। | রাজস্ব আয় বৃদ্ধি ও জনস্বার্থে জয়পুরহাট পৌরসভারধীণ মার্কেট সমূহের দোকান ভাড়া পুনঃনির্ধারণ সাব-কমিটি'র প্রতিবেদন পুঙ্খানুভাবে বিশ্লেষন পূর্বক নিম্নোক্তভাবে দোকান ঘরের ভাড়া পুনঃনির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কার্যকর তারিখ ০১/০২/২০২৫খ্রিঃ<br><u>১। মাছুয়া বাজার পূর্ব ১ম তলা পাকা সেড</u><br>পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৪.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ৩০.০০/-<br><u>মাছুয়া বাজার রাস্তার পশ্চিমে ১ম তলা খোলা পাকা সেড</u><br>পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৬.৩৫/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২৫.০০/-<br><u>২। পৌর মার্কেট ১ম তলা পাকা বিল্ডিং</u><br>পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৫.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২৫.০০/-<br><u>পৌর মার্কেট ২য় তলা পাকা বিল্ডিং</u><br>পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৪.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২০.০০/-<br><u>৩। পূর্ববাজার ১ম তলা পাকা বিল্ডিং</u><br>পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) (খোলা দোকান)= ৫.৭১/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) (খোলা দোকান) = ২৮.০০/-<br>সাটার বিশিষ্ট দোকান পূর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৫.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ৩৫.০০/- | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও বাজার পরিদর্শক জয়পুরহাট পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | **পুর্ববাজার ২য় তলা পাকা বিল্ডিং**<br>পুর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৪.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২৫.০০/-<br>**৪। নতুনহাট দোকান**<br>পুর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৫.৫৬/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২৫.০০/-<br>**নতুনহাট টিনসেড দোকান**<br>পুর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৩.৩৩/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ১৫.০০/-<br>**৫। বাস টার্মিনাল দোকান**<br>পুর্বের ভাড়া (প্রতিবর্গফুট) = ৪.০০/-<br>বর্তমান ভাড়া (প্রতিবর্গফুট) = ২৫.০০/- | |
| ০৪ | রিক্সা/অটোরিক্সা জরিপের প্রতিবেদন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) জয়পুরহাট পৌরসভার রিক্সা ও অটোরিক্সা সংখ্যা নিরুপণ সাব-কমিটি'র প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনটি নিয়ে সভায় বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌর এলাকায় লাইসেন্স বিহীন রিক্সা ও অটোরিক্সার বিরুদ্ধে অভিযান পরিচালনা করা ও রাত্রীকালীন দুর্ঘটনা এড়ানোর লক্ষে রিক্সা ও অটোরিক্সার পিছনে বাতি/Reflection sheet ব্যবহারের সিদ্ধান্ত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও<br>লাইসেন্স পরিদর্শক<br>জয়পুরহাট পৌরসভা। |
| ০৫ | সদর রাস্তার উভয় পার্শ্বে পানির লাইন প্রতিস্থাপন কাজের প্যাকেজ নং- JPS/REV/2020-2021/01 এর কাজের সময় বর্ধিত করণ এবং Revised/Re-cast প্রাক্কলন অনুমোদন বিষয়ে আলোচনা প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, সদর রাস্তার উভয় পার্শ্বে পানির লাইন প্রতিস্থাপন কাজের প্যাকেজ নং- JPS/REV/2020-2021/01 এর কাজের সময় বর্ধিত করণ এবং Revised/Re-cast প্রাক্কলন অনুমোদন করা প্রয়োজন। কারন হিসাবে গত ১৭/১১/২০২৪, ২০/১০/২০২৪, ১৫/০৯/২০২৪ জেলা উন্নয়ন নমম্বয় কমিটির সভার কার্য-বিবরণী অনুযায়ী ১০নং ক্রমিকে বর্ণিত আলোচনায় দেখা যায় যে, সড়ক ড্রেনের নির্মাণ কাজ চলমান ছিল, বর্তমানে ড্রেনের নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় পৌরসভা থেকে পাইপ লাইন প্রতিস্থাপন কাজ শুরু করে ৫ কিলোমিটারের মধ্যে প্রায় ৩ কিলোমিটার পাইপ লাইন প্রতিস্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। কিন্তু উক্ত টেন্ডারটির মেয়াদ শেষ হওয়ায় বর্তমানে উক্ত প্যাকেজের মেয়াদ বর্ধিত করা প্রয়োজন এবং একইসাথে Revised/Re-cast প্রাক্কলন অনুমোদন প্রয়োজন। কারণ টেন্ডারকালীন সময়ে যে পরিমান আইটেম ধরে টেন্ডার করা হয়েছিল। কিন্তু কাজটি বাস্তবায়নের ক্ষেত্রে Fire Hydrant, Installation joint, House Connection, MS Casing Pipe, T-Joint, Switch Valve, RCC Switch Valve Chamber, Inter Connection etc কম/বেশী পরিমান মালামাল প্রয়োজন হওয়ায় Revised/Re-cast প্রাক্কলন অনুমোদন প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | সদর রাস্তার উভয় পার্শ্বে পানির লাইন প্রতিস্থাপন কাজের প্যাকেজ নং- JPS/REV/2020-2021/01 এর কাজের সময় ২৮/০২/২০২৫ইং তারিখ পর্যন্ত বর্ধিত করণ এবং Revised/Re-cast প্রাক্কলন প্রস্তুতের জন্য কার্যকর ব্যবস্থা নিতে নির্বাহী প্রকৌশলী উপর দায়িত্ব অর্পণ করা হলো। একই সাথে সহকারী প্রকৌশলী পানি (ভারঃ) কে সার্বিক সহযোগিতা করার জন্য বলা হলো। | নির্বাহী প্রকৌশলী<br>জয়পুরহাট পৌরসভা। |
| ০৬ | পৌর এলাকার এ্যাসেসমেন্ট জরিপ কাজ সম্পাদনের জন্য নিয়োজিত কার্মচারীদের যাতায়াত ভাতা প্রসঙ্গে। | জয়পুরহাট পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছর হতে ২০২৯-২০৩০অর্থ বছরের ওয়ার্ড ভিত্তিক প্রতিটি সরকারি ও বে-সরকারি হোল্ডিং পর্যায়ে রি-এ্যাসেসমেন্ট জরিপ কার্যক্রম সম্পাদনের জন্য ৩ ভাবে বিভক্ত করে ১২জন কর্মচারীকে নিয়োজিত করা হয়। উক্ত কর্মচারীগণ হোল্ডিং পৌর এলাকার হোল্ডিং পর্যায়ে যাওয়া আসার জন্য রিক্সা ভাড়া বাবদ প্রতিদিন ৩৬০/- টাকা করে ৬০ কর্মদিবসের ৬৩,০০০/- টাকা অগ্রীম চাহিয়া আবেদন করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছর হতে ২০২৯-২০৩০অর্থ বছরের ওয়ার্ড ভিত্তিক প্রতিটি সরকারি ও বে-সরকারি হোল্ডিং পর্যায়ে রি-এ্যাসেসমেন্ট জরিপ কার্যক্রম সম্পাদনের জন্য জরিপকারী কর্মচারীদের জন্য রিক্সা ভাড়া বাবদ ৬০ কর্মদিবসের জন্য ৫৪,০০০/- টাকা নির্ধারণ করা হয় তম্মেধ্যে অগ্রীম ২৭,০০০/- টাকা প্রদান এবং ভাউচারের মাধ্যমে সমম্বয় করার সিদ্ধান্ত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও<br>এ্যাসেসর (দায়িত্বপ্রাপ্ত)<br>জয়পুরহাট পৌরসভা। |
| ০৭ | জয়পুরহাট | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের নির্বাহী | জয়পুরহাট পৌরসভার চলমান প্রকল্পগুলির | নির্বাহী প্রকৌশলী |

D:\Admin Section\Regulation\Rugulation 24

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা প্রসঙ্গে। | প্রকৌশলী সভায় জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলির মধ্যে বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধিনে ১২টি প্যাকেজের কাজ চলমান রয়েছে, লোকাল গর্ভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধিনে ৩য় পর্যায়ের ১টি প্যাকেজের কাজ চলমান ও ৪র্থ পর্যায়ের ৬টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন পর্যায়ে রয়েছে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অধিনে ১টি প্যাকেজের কার্যাদেশ প্রদান পর্যায়ে রয়েছে। এই বিষয়গুলি নিয়ে আলোচনা হয়। | প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | জয়পুরহাট পৌরসভা। |
| ০৮ | পানি শাখার বিল ফরম প্রিন্ট এবং ক্রয়ের মূল্য ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)টাকা আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) সভায় জানান যে, পৌর পানি সরবরাহ শাখার বিল ফরমগুলি শেষ হওয়ায় পুনরায় প্রিন্ট করা প্রয়োজন এবং যাহার প্রাক্কলন ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)টাকা সভায় উপস্থাপন করা হয়। | পানি সরবরাহ শাখার বিল ফরমগুলি শেষ হওয়ায় পুনরায় প্রিন্ট করা প্রয়োজন এবং যাহার প্রাক্কলন ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)টাকা সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও<br>সহকারী প্রকৌশলী (ভারঃ) (পানি) জয়পুরহাট পৌরসভা। |
| ০৯ | বিবিধঃ<br>(ক) ঐতিহ্যবাহী তেঘর উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন উপলক্ষে আর্থিক সহায়তা প্রদান। | সভাপতি সভায় মোঃ গোলজার হোসেন, সভাপতি তেঘর উচ্চ বিদ্যালয় শতবর্ষ উদযাপন কমিটি-২০২৪ প্রতিষ্ঠানের শতবর্ষ উদযাপন উপলক্ষে আর্থিক সহায়তা আবেদন করেন। আবেদনকৃত বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মোঃ গোলজার হোসেন, সভাপতি তেঘর উচ্চ বিদ্যালয় শতবর্ষ উদযাপন কমিটি-২০২৪ প্রতিষ্ঠানের শতবর্ষ উদযাপন উপলক্ষে আর্থিক সহায়তা বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও<br>সহকারী প্রকৌশলী (ভারঃ) (পানি) জয়পুরহাট পৌরসভা। |
| | (খ) জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন বীর মুক্তিযোদ্ধা খন্দকার ওলিউজ্জামান আলম পৌর মার্কেটের ২০ (কুড়ি) নং দোকান ঘরের মালিকানা নাম পরিবর্তনের আবেদন প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন বীর মুক্তিযোদ্ধা খন্দকার ওলিউজ্জামান আলম পৌর মার্কেটের ২০ (কুড়ি) নং দোকান ঘরটির মালিকানা নাম পরিবর্তনের জন্য (১) মোঃ মমিনুর রহমান, পিতাঃ মৃত নেজাম উদ্দিন, মাতাঃ মৃতঃ ধরপুলমাই, সাং রসুলপুর, ডাকঘরঃ বিষ্ণুপুর, উপজেলাঃ পাঁচবিবি, জেলাঃ জয়পুরহাট, (২) মোঃ মাহফুজুল ইসলাম বাদশা, পিতাঃ মৃত আখতার উদ্দিন মন্ডল, মাতাঃ রাবেয়া বেগম, সাং পূর্ব দেবীপুর, জয়পুরহাট। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ আইনমালা ২০০৩ইং এর ১০ নং শর্ত মোতাবেক পৌরসভার পূর্বানুমোদন না নিয়ে দোকান ঘরের পজিশন হস্তান্তরের চুক্তিপত্র করায় তাদের মালিকানা নাম পরিবর্তনের আবেদন গ্রহনযোগ্য হয়নি মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা। |
| | (গ) বর্জ্য ব্যবস্থাপনা কাজে বে-সরকারি প্রতিষ্ঠান অন্তর্ভূক্ত করণ বিষয়ে আলোচনা। | আবু জাফর মোঃ রেজা, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা সভায় জানান যে, পৌর এলাকার আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য বর্জ্য ব্যবস্থাপনার দায়িত্বে বে-সরকারী প্রতিষ্ঠানকে অন্তর্ভূক্ত করার বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান হিসাবে নেদারল্যান্ড ভিত্তিক বেসরকারি সংস্থা এসএনভি'র সহযোগিতায় জানা যায়, বর্তমানে যেসব পৌরসভায় প্রাইভেট কোম্পানীর মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম হচ্ছে। সেইসব পৌরসভায় সুষ্ঠভাবে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এসএমভি জয়পুরহাট পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে করনের বিষয়ে বিভিন্ন ধরনের জরিপ পরিচালনাসহ বিভিন্ন শ্রেণীর অংশীজনের সাথে মতবিনিময় করেছেন, তার প্রেক্ষিতে দেখা যায় প্রাইভেট কোম্পানীর মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা করলে আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা করা সম্ভব। এছাড়া বর্জ্য ব্যবস্থাপনা খাতে পৌরসভার প্রতিমাসে অনেক অর্থ ব্যয় হয়ে থাকে, তা কিছুটা সংকোচন করা সম্ভব হবে। তিনি আরো বলেন, প্রাইভেট কোম্পানী হিসেবে এনভায়রনমেন্টাল রিসোর্স এ্যাডভান্সমেন্ট সার্ভিসেস (এরাস) কুষ্টিয়া | পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা কাজে প্রাইভেট কোম্পানী অন্তর্ভূক্ত করণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এনভায়রনমেন্টাল রিসোর্স এ্যাডভান্সমেন্ট সার্ভিসেস (এরাস), ডি-ব্লক, হাউজিং এলাকা, কুষ্টিয়া নামীয় প্রতিষ্ঠান ইতোমধ্যে জয়পুরহাট পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা (কঠিন ও পয়ঃবর্জ্য) কাজে প্রাইভেট কোম্পানী হিসেবে অন্তর্ভূক্তির জন্য আগ্রহ প্রকাশ করেছে, যাদের বর্জ্য ব্যবস্থাপনা কাজের অভিজ্ঞতা ও জৈব সার তৈরির লাইসেন্স আছে। অদ্য সভায় পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা কাজে প্রাইভেট কোম্পানী হিসেবে (এরাস) এর সাথে চুক্তি সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পাইলট প্রকল্প হিসেবে এরাস প্রাথমিক ভাবে ৫, ৬, ৭ ও ৮ নং (৪টি)-ওয়ার্ড এর বাসাবাড়ি থেকে ময়লা সংগ্রহ করে সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনে জমা/মজুত করবেন। (বাসাবাড়ীতে ময়লা সংগ্রহের ফি নির্ধারন সহ অন্যান্য শর্তাবলী চুক্তিপত্রে বিস্তারিত উল্লেখ থাকবে), এবং স্যানেটারি ল্যান্ডফিল্ড ব্যবস্থাপনা করবে। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)<br>সমাজ উন্নয়ন কর্মকর্তা<br>উপসহকারিপ্রকৌশলী (সিভিল)<br>কঞ্জারভেন্সি ইন্সপেক্টর<br>জয়পুরহাট পৌরসভা। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পৌরসভায় চুক্তি মাফিক বর্জ্য ব্যবস্থাপনা কাজ করছেন। তারা জয়পুরহাট পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা কাজে অন্তর্ভুক্ত হওয়ার জন্য পৌরসভা বরাবর Expression of Interest (EOI) দাখিল করেছেন। তাদের দাখিলকৃত (EOI) বিবেচনা অন্তে ও কুষ্টিয়া পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতার আলোকে তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করা যেতে পারে। আলোচনা কালে সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভার সাথে এরাস এর চুক্তিপত্রের একটি খসড়া সদস্যদের মাঝে ইতোমধ্যে দেওয়া হয়েছে। চুক্তিপত্র সংক্রান্ত কোন সংশোধনী বা চুক্তিপত্র করা যায় কিনা এ বিষয়ে সদস্যদের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে মোঃ আল মামুন হক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট - বেসরকারী কোম্পানীর সাথে চুক্তিপত্র করনের বিষয়ে সম্মতি প্রদান করে। তার মতামতের সাথে অন্যান্য সদস্যগণ একমত পোষন করে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করেন। | পৌরসভার নির্ধারিত ফি আদায়ের মাধ্যমে বাসা বাড়ির সেপটিক ট্যাংক ও পিট ল্যাট্রিনের পয়ঃবর্জ্য খালি করে পৌরসভার কড়ইকাদিপুর পয়ঃবর্জ্য শোধণাগারের মাধ্যমে শোধন প্রক্রিয়া সম্পন্ন করবে। এরাসের সাথে দ্রুত চুক্তি সম্পাদনের জন্য পৌরসভার সহযোগী সংস্থা হিসেবে এসএনভি-বাংলাদেশ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (ঘ)২০২৪-২০২৫ অর্থবছরের অধীনে পরবর্তী স্কীম গ্রহন। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের অধীনে ADP এর অর্থায়নে প্রকৌশল বিভাগের সেমিনার রুম মেরামত, নির্বাহী প্রকৌশলী কার্যালয়, সহকারী প্রকৌশলী/ সমাজ উন্নয়ন কর্মকর্তা কক্ষ মেরামত কাজ, গারবেজ ট্রাক ও ডাবল ক্যাবিন পিকআপ গাড়ি মেরামত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরের অধীনে জয়পুরহাট পৌরসভার সেমিনার রুম (৩য়) তলা মেরামত, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী/ সমাজ উন্নয়ন কর্মকর্তার কক্ষ মেরামত কাজ, গারবেজ ট্রাক ও ডাবল ক্যাবিন পিকআপ গাড়ি মেরামত কাজগুলি চলতি অর্থবছরের ADP এর অর্থায়ন বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| (ঙ) সাবমার্সিবল পাম্প স্থাপনের বিষয়ে আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের সহকারী প্রকৌশলী পানি (ভারঃ) সভায় জনান যে, বর্তমান সময়ে বিদ্যুৎ বিল এবং বেতন ভাতা সহ অন্যান্য ব্যয় মিটিয়ে পৌর পানি সরবরাহ ব্যবস্থাকে সচল রাখার স্বার্থে সময় উপযোগী বাস্তব সম্মত কিছু পদক্ষেপ গ্রহণ করা উচিৎ মর্মে পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প ব্যবহারের অনুমোদন ফি ও বাৎসরিক ফি পুনঃনির্ধারণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প ব্যবহারের জন্য অনুমোদন ফি ও বাৎসরিক ফি নিম্মোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো।<br>১। সাবমার্সিবল পাম্প ব্যবহারকারীগণের অনুমোদন ফি<br>= ৩০০০/- (তিন হাজার) টাকা।<br>২। বাৎসরিক ফি (প্রতি বছর)<br>= ৩০০০/- (তিন হাজার) টাকা হিসাবে ০৫(পাঁচ) বছরের জন্য<br>৩০০০ x ৫= ১৫,০০০/- টাকা নির্ধারণ। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৫/২৫
(মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর)
প্রশাসক
ও
সভাপতি
পৌর পরিষদ সদস্য সমন্বয়ে গঠিত কমিটি
জয়পুরহাট পৌরসভা।
ফোন নং- ০২৫৮-৯৯১৫১৪৭



CamScanner

স্মারক নং জঃপৌঃসঃ/সাধাঃ/১(০৭)২/২০২৫/২১২ তারিখঃ ২৯/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, জয়পুরহাট।

৩-১০। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৩ তারিখঃ ২৬/০৯/২০২৪ইং মূলে জেলা সদর (জয়পুরহাট পৌরসভার) পৌরসভার প্রশাসক কে কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সম্মানিত সকল সদস্য।

১১। হিসাব রক্ষণ কর্মকর্তা. জয়পুরহাট পৌরসভা।

১২। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।

১৩। প্রাশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।

১৪। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক), জয়পুরহাট পৌরসভা।

১৫-২৩। শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।

২৪। দপ্তর নথি।

২৯/১/২০২৫

(আবু জাফর মোঃ রেজা)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জয়পুরহাট পৌরসভা।



CamScanner

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

joypurhatpourashavabd.com

পরিশিষ্টঃ 'ক'

## উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

তারিখঃ ২৯/০১/২০২৫ খ্রিঃ

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডাঃ মুহাঃ রুহুল আমিন | সিভিল সার্জন, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ২। | মোছাঃ রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট , সদস্য। | স্বাক্ষরিত |
| ৩। | মোঃ আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |
| ৪। | মোহাম্মদ ইউনুছ হোসেন বিশ্বাস | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |
| ৫। | মোছাঃ উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |
| ৬। | মোঃ রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |
| ৭। | মোঃ মমিনুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |
| ৮। | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট, সদস্য। | স্বাক্ষরিত |



CS CamScanner